**SET-4**

**Series SGN** | **Code No. 5**

Candidates must write the Code on the title page of the answer-book.

Roll No. [ | | | | | | ]

- পরীক্ষার্থী যেন যাচাই করে নেয় প্রশ্নপত্রে **12** ছাপা পৃষ্ঠা রয়েছে ।
- প্রশ্নপত্রের ডানদিকে কোড নং দেওয়া আছে । উত্তরপত্রের মুখ্য পাতার ছাত্রছাত্রীরা কোড নংটি লিখবে ।
- পরীক্ষার্থীরা যেন যাচাই করে নেয় যে প্রশ্নপত্রে **16** টি প্রশ্ন আছে ।
- **উত্তর শুরু করার আগে ক্রমিক নং (Serial Number) লিখতে হবে ।**
- প্রশ্নপত্রটি পড়ার জন্য 15 মিনিট সময় দেওয়া হবে । 10.15 মিনিটে প্রশ্নপত্র বিতরণ করা হবে । 10.15 থেকে 10.30 মিনিট পর্যন্ত পরীক্ষার্থীরা কেবল প্রশ্নপত্রটি পড়বে । এই সময়ে কোন উত্তর লেখা চলবে না ।
- Please check that this question paper contains **12** printed pages.
- Code number given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.
- Please check that this question paper contains **16** questions.
- **Please write down the Serial Number of the question before attempting it.**
- 15 minute time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m., the students will read the question paper only and will not write any answer on the answer-book during this period.

# বাংলা

# BENGALI

*সময় : 3 ঘন্টা* | *সর্বমোট অঙ্ক : 85*

*Time allowed : 3 hours* | *Maximum Marks : 85*

## SECTION A (Reading)

**1.** নীচের গদ্যাংশটি পড়ে, বুঝে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও । *1+1+1+1+1=5*

আমি কন্‌ফার্মড নাস্তিক, কিন্তু ধর্মগ্রন্থগুলি পড়তে আমার খুব ভালো লাগে । কোরান ও বাইবেল পড়েছি ইংরেজি অনুবাদে, এই দুই গ্রন্থের সাহিত্যগুণসম্পন্ন পূর্ণাঙ্গ বাংলা অনুবাদ আজও আমার চোখে পড়েনি । বাংলা ভাষায় প্রথম কোরানের অনুবাদ করেন গিরিশচন্দ্র সেন, যার ডাক নাম ছিল মৌলবী গিরিশ, ছেলেবেলায় তাঁর সেই কোরান পাতা ছেঁড়া অবস্থায় পেয়ে পড়েছিলাম । মীর মশারফ হোসেনের 'বিষাদ সিন্ধু' এখন আবার পাওয়া যায়, অতি উত্তম বই । বেদ-উপনিষদ পাঠ করা আমাদের পক্ষে সহজ । মূল সংস্কৃতের নীচে আক্ষরিক বাংলা অনুবাদ দেওয়া অনেক সংস্করণ পাওয়া যায়, আমি সংস্কৃত খুব কম জানলেও মূল ও অনুবাদ পাশাপাশি মিলিয়ে পড়তে বেশ মজা পাই । অবশ্য বেদকে হিন্দুদের 'ধর্মগ্রন্থ' বলা যায় না। কবে থেকে কে বা কারা যায় না । এটা রচিয়েছে কে জানে । বেদে ধর্মের নামগন্ধ নেই । আছে দেবদেবীদের সম্পর্কে বেশ কিছু সুললিত কবিতা । এক ব্রাহ্মণ পণ্ডিত, হরপ্রসাদ শাস্ত্রীই প্রথম বলেছিলেন যে পলগ্রেভ সাহেবের 'গোল্ডেন ট্রেজারি'র মতন বেদ একটি বা অনেকগুলি কবিতার সংকলন মাত্র । প্রসঙ্গত উল্লেখ করি, হরপ্রসাদ শাস্ত্রীর রচনাবলী যিনি পড়েননি, তিনি প্রকৃতই বঞ্চিত, তিনি বাংলা ভাষার স্টাইল সম্পর্কে সম্যক জানেন না ।

(a) ধর্মগ্রন্থগুলি পড়তে ভালো লাগলেও লেখক আসলে কী ?

(b) মৌলবী গিরিশ কে ?

(c) হরপ্রসাদ শাস্ত্রী কোন দিক থেকে 'গোল্ডেন ট্রেজারি'র সঙ্গে 'বেদ'-এর মিল দেখতে পেয়েছিলেন ?

(d) লেখকের মতে, হরপ্রসাদ শাস্ত্রীর রচনাবলী পড়া দরকার কেন ?

(e) 'বেদ-উপনিষদ পাঠ করা আমাদের পক্ষে সহজ ।' – বাক্যটি কী ? সরল, যৌগিক অথবা জটিল ?

**2.** নীচের গদ্যাংশটি পড়ে, বুঝে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও । *1+1+1+1+1=5*

দুপুরে ইতিহাস স্যার ধরেছিলেন । ধরার কারণও ছিল । কালাচাঁদ ইতিহাস স্যারের সই জাল করে চারজনকে আগের হপ্তায় ফোর্থ পিরিয়ডে ছুটি করে দিয়েছিল ।

সেই জাল সই ধরা পড়েছে ।

নে হাত পাত । আরেক ঘা মারি । এক নয় । তিন ঘা মারলেন স্যার । তারপর মারা থামিয়ে হঠাৎ কালাচাঁদকে বললেন, তুই এমন করিস কেন বলতো ? এমনিতে তো তুই খুব ভালো ছেলে । কোনোরকম অসভ্যতা নেই । তবু নিঃশব্দে এমন এক একটা কাজ করে বসিস ! কেন ? বলতে পারিস ?

কিছু না করে চুপ করে থাকতে পারি না স্যার ।

তাই বলে এসব করিস ?

ওসব তো সবাই করে ।

ইতিহাস স্যার বললেন, ওসব মানে ?

এই পড়াশুনো । ভালো রেজাল্ট । ফাস্ট সেকেন্ড – মজা কোথায় স্যার ? আমি বোধহয় ওসব পারতাম না স্যার । বেশ আছি ! একটা কিছু করলাম । মারলেন আপনারা । মারা হয়ে গেল তো ফ্রি হয়ে গেলাম – ব্যস ! আবার নতুন করে !

এসব না করে ওসব করার চেষ্টা করেছিস কখনো ?

না স্যার । সেই ঘ্যানর ঘ্যানর করে পড়া মুখস্ত । ও আমাকে দিয়ে হবে না স্যার ।

একবার করে দেখ না ।

তাহলে ক্লাস ওয়ান থেকে শুরু করতে হয় স্যার ।

(a) ইতিহাস স্যার বলেন যে, কালাচাঁদ এমনিতে খুব ভালো । কেন বলেন ?

(b) কালাচাঁদ ভালো করে পড়াশুনো করতে চায় না কেন ?

(c) 'ওসব করা' বলতে কালাচাঁদ কী সব করা বোঝাতে চায় ?

(d) স্যারদের কাছ থেকে মার খাওয়ার পর কালাচাঁদ স্যারকে কী বল্‌লো ?

(e) "কিছু না করে চুপ করে থাকতে পারি না ।" – উক্তিটিকে সাধুভাষায় রূপান্তরিত করো ।

## SECTION B (Grammar)

**3.** ধ্বনি-পরিবর্তনের যে কোনো ***একটি*** রীতির সংক্ষিপ্ত পরিচয় দাও এবং সেই রীতির দু'টি উদাহরণ উল্লেখ করো । *3+2=5*

(a) স্বরসংগতি

(b) স্বরভক্তি

(c) অভিশ্রুতি

**4.** নিম্নলিখিত যে কোনো ***একটি*** অলঙ্কারের উদাহরণ সহ সংজ্ঞা লেখো । *2+3=5*

(a) অনুপ্রাস

(b) যমক

(c) শ্লেষ

**অথবা**

অলঙ্কার নির্দেশ করো এবং ওই অলঙ্কার হওয়ার কারণ বুঝিয়ে দাও । যে কোনো ***একটি*** ।

(a) 'আমি শিবপুজো ক'রে শিবের মতন স্বামী পেয়েছিলাম ।'

(b) 'ধরা নাহি দিলে ধরিব দু'পায়,
কী করিতে হবে বলো সে উপায়,
ঘর ভরি দিব সোনায় রূপায়'

(c) 'ভারত ভারতখ্যাত আপনার গুণে ।'

(d) 'কে বলে ঈশ্বর গুপ্ত, ব্যাপ্ত চরাচর,
যাহার প্রভায় প্রভা পায় প্রভাকর ?'

(e) 'নূপুর গুঞ্জরি যাও আকুল অঞ্চলা
বিদ্যুত-চঞ্চলা ।'

**5.** অর্থ উল্লেখ সহ বাগ্ধারা/প্রবাদগুলি প্রয়োগ করে বাক্য রচনা করো । যে কোনো ***চারটি*** । *2×4=8*

আঙুল ফুলে কলাগাছ; গদাইলস্করি চাল; ঠুঁটো জগন্নাথ; অহি-নকুল সম্পর্ক; আকাশ থেকে পড়া; অগাধ জলের মাছ; আমড়াগাছি করা; হ-য-ব-র-ল

## SECTION C (Comprehension & Writing)

**6.** নীচের সংবাদ-প্রতিবেদনটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও । *2×3=6*

'নিজস্ব সংবাদদাতা, চেন্নাই : দীপাবলির আলো নয়, চেন্নাইকে ভাসাচ্ছে নিম্নচাপ জনিত প্রবল ঝড়-বৃষ্টি । রবিবার সকাল থেকে শুরু হওয়া এই ঝড়-বৃষ্টিতে সমগ্র চেন্নাই কার্যত গৃহবন্দি । প্রবল এই ঝড়-বৃষ্টিতে ইতিমধ্যেই দেওয়াল চাপা পড়ে রবিবার রাতে দু'জনের মৃত্যু হয়েছে বলে জানা গেছে । এরা মেলুর ও মাদুরাইয়ের বাসিন্দা । এ ছাড়াও গুরুতর জখম হয়েছেন আরো দু'জন । উত্তর-পূর্ব মৌসুমি বায়ুর জেরে সমুদ্রে গভীর নিম্নচাপ সৃষ্টি হওয়ার ফলেই এই দুর্যোগ বলে জানিয়েছে স্থানীয় আবহাওয়া দপ্তর । প্রবল বর্ষণে চেন্নাইয়ের বহু জায়গা জলমগ্ন । সৃষ্টি হচ্ছে ব্যাপক যানজট ।

শনিবার রাতেই এই ঝড়-বৃষ্টির পূর্বাভাস দিয়েছিল স্থানীয় আবহাওয়া দপ্তর । তামিলনাড়ুর আবহাওয়া অফিস জানিয়েছে, চেন্নাই উপকূল থেকে 160 এবং পুদুচ্চেরি থেকে 110 কিলোমিটার দূরে দক্ষিণ-পূর্ব বঙ্গোপসাগরে একটি গভীর নিম্নচাপ তৈরি হয়েছে । এর ফলেই এ-দিন সকাল সাতটা থেকে চেন্নাই সহ তামিলনাড়ুর উপকূলবর্তী অঞ্চলে শুরু হয়েছে এই দুর্যোগ । 50 থেকে 60 কিলোমিটার বেগে প্রবাহিত ঝোড়ো হাওয়ায় জনজীবন বিপর্যস্ত । শহরের বিভিন্ন স্থানে গাছ উপড়ে পড়ছে । চিকিৎসা পরিষেবাসহ যাবতীয় ইমার্জেন্সি সার্ভিস ক্ষতিগ্রস্ত । ওদিকে দেওয়ালির বাজারে ব্যাপারীদের মাথায় হাত । প্রাণ বাঁচানোর আশু তাগিদে ব্যতিব্যস্ত চেন্নাইবাসীর কাছে এখন দীপাবলির আলোকোৎসব হয়তো স্বপ্নেও আসছে না ।

(a) প্রতিবেদনটির একটি উপযুক্ত শিরোনাম দাও ।

(b) কোন দিন সকাল সাতটা থেকে তামিলনাড়ুর উপকূলবর্তী অঞ্চলে দুর্যোগ শুরু হয়েছিল ?

(c) জনজীবনে এই ঝড়-বৃষ্টির সামগ্রিক প্রভাব দুই/তিন লাইনের মধ্যে জানাও ।

**7.** বোর্ডের পরীক্ষায় পাশ করার পর তুমি কী নিয়ে পড়তে চাও, কারণ সহ জানিয়ে বাবাকে একটি চিঠি লেখো । *3+3=6*

**অথবা**

দিল্লি ও কলকাতা শহরে বায়ুদূষণ বিপজ্জনক ভাবে বেড়েছে । এ-ব্যাপারে কোন্ কোন্ সতর্কতা অবলম্বন করতে হবে জানিয়ে দিল্লি থেকে কলকাতায় ভাইকে একটি চিঠি লেখো ।

## SECTION D (Literature)

**8.** "বাদায় থাকে, অথচ ভাতের আহিংকে এতখানি । এ আবার কী কথা ?" *1+1+3=5*

(a) কার লেখা, কোন রচনার পংক্তি ?

(b) কে, কার সম্পর্কে এই উক্তি করেছে ?

(c) এই উক্তি থেকে বক্তার চরিত্রের কোন বৈশিষ্ট্য প্রকাশ পায় ?

**অথবা**

"চোখের মাথা খেয়েছিস মিনষেরা ?"

(a) কার লেখা, কোন রচনার অন্তর্গত উক্তি ?

(b) উক্তিটি কে, কার/কাদের উদ্দেশে করেছে ?

(c) বক্তার এই উক্তির গভীর অর্থ কী ?

**9.** ঠিক উত্তরটি বেছে লেখো : (MCQ) । যে কোনো ***পাঁচটি*** । *1×5=5*

(a) 'ভারতবর্ষ' গল্পের নিবারণ বাগদি একসময় কী ছিল ?

(i) ডাকাত

(ii) চৌকিদার

(iii) পেশাদার লাঠিয়াল

(b) ‘ভাত’ গল্পে ‘ময়ূর ছাড়া কার্তিক’ বলতে কী বোঝানো হয়েছিল ?

(i) সাহসী পুরুষ

(ii) রূপবান পুরুষ

(iii) বুদ্ধিমান পুরুষ

(c) ‘ভাত’ গল্পে বুড়ো কর্তার কী হয়েছিল ?

(i) লাঙ্‌স-এ ক্যানসার

(ii) হার্ট-এ ক্যানসার

(iii) লিভার-এ ক্যানসার

(d) নিখিলের মতে, অন্ন থাকতে লোক না খেয়ে মরত না, যদি তাদের –

(i) স্বার্থপর করে তোলা যেত

(ii) আরো গ্রুয়েল দেওয়া যেত

(iii) আরো রিলিফ ক্যাম্প বানানো যেত

(e) “ওঁর সঙ্গে থেকে থেকে আমিও অনেকটা ওঁর মতো হয়ে গেছি ।” – ‘আমি’ কে ?

(i) নিখিল

(ii) মৃত্যুঞ্জয়

(iii) টুনুর মা

(f) কোন আবহাওয়াকে বলা হয় ‘ফাঁপি’ ?

(i) বাতাস ছাড়া জোরালো বৃষ্টি

(ii) বৃষ্টির সঙ্গে জোরালো বাতাস

(iii) বৃষ্টি ছাড়া কনকনে হাওয়া

(g) ‘সভ্যতার ছোট্ট উনোন’ কথাটি কোন গল্পে পেয়েছো ?

(i) ভাত

(ii) ভারতবর্ষ

(iii) কে বাঁচায়, কে বাঁচে

(h) কোন দুটি চরিত্রের মাধ্যমে সমাজে প্রভু ও ভৃত্যের সম্পর্ক প্রকাশ পেয়েছে ?

(i) উৎসব ও বুড়ো কর্তা

(ii) নিখিল ও মৃত্যুঞ্জয়

(iii) বুড়ি ও চৌকিদার

**10.** সূত্র ও প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা লেখো । *5*

'শহরের অসুখ হাঁ করে কেবল সবুজ খায়'

**অথবা**

'রক্তের অক্ষরে দেখিলাম

আপনার রূপ,'

**11.** ক্রন্দনরতা জননীর পাশে

এখন যদি না-থাকি ..' *1+1+3=5*

(a) কবি কে ?

(b) ক্রন্দনরতা জননী কে ?

(c) 'এখন' বলতে কবি কোন সময়ের কথা শুনিয়েছেন ?

**অথবা**

"চোখ তো সবুজ চায় !

দেহ চায় সবুজ বাগান"

(a) কবি কে ?

(b) 'সবুজ' কাকে বলা হচ্ছে ?

(c) 'চোখ' আর 'দেহ' সবুজ চায় কেন ?

**12.** "জানো কালীনাথ, পৃথিবীতে আমি একা ।" *2+3=5*

(a) কার লেখা, কোন নাটকের সংলাপ ?

(b) বক্তার একাকিত্ব বর্ণনা করো ।

**অথবা**

"তুমি থিয়েটারওয়ালা – একটা নকলনবিশ –"

(a) কার মুখের সংলাপ ? কাকে শোনানো হয়েছে ?

(b) এই সংলাপে বক্তার কোন অনুভূতি প্রকাশ পেয়েছে ?

**13.** ঠিক উত্তরটি বেছে লেখো : (MCQ) । যে কোনো ***পাঁচটি*** । *1×5=5*

(a) মঞ্চে প্রবেশের সময় রজনীকান্তের হাতে কী ছিল ?

(i) তরবারি

(ii) দিলদারের পোশাক

(iii) জ্বলন্ত মোমবাতি

(b) রজনীকান্ত মঞ্চে প্রবেশ করেছিলেন –

(i) হাসতে হাসতে

(ii) ভয়ার্ত মুখে

(iii) টলতে টলতে

(c) মেয়েটি রজনীকান্তকে কোন চরিত্রে পার্ট করতে দেখেছিল ?

(i) দিলদারের

(ii) ওথেলোর

(iii) আলমগিরের

(d) রজনীকান্ত চট্টোপাধ্যায়ের প্রধান দুঃখ এই যে –

(i) তাঁর স্মৃতি-শক্তি ফুরিয়ে আমছে

(ii) তাঁর জীবন ফুরিয়ে আসছে

(iii) তাঁর প্রতিভা ফুরিয়ে আসছে

(e) রজনীকান্ত অভিনয় জগতে কেন এসেছিলেন ?

(i) শিল্পকে ভালোবেসে

(ii) চাকরি না পেয়ে

(iii) খ্যাতির লোভে

(f) "আজ তবে হাসো, কথা কও, গাও..." – কোন ঐতিহাসিক চরিত্রের সংলাপ ?

(i) পিয়ারাবানু

(ii) ঔরঙ্গজীব

(iii) সুজা

(g) কালীনাথ কোন চরিত্রের 'ক্যাচ' দিয়েছিল ?

(i) সুজার

(ii) মহম্মদের

(iii) শাহ্‌নাওয়াজের

(h) মোরাদ মহম্মদের কে ?

(i) ছোটো কাকা

(ii) মেজো ভাই

(iii) পিতামহ

**14.** 'ভারত জয় করেছিল তরুণ আলেকজান্ডার ।

একলাই না কি ?' *2+3=5*

(a) মূল কবিতাটি কার লেখা, কার অনুবাদ করা কবিতা ?

(b) প্রশ্নটি কার ? এই প্রশ্ন উচ্চারণের মধ্য দিয়ে বক্তা কী বোঝাতে চান ?

**অথবা**

'কত সব খবর !'

(a) কোন কবিতার পঙ্‌ক্তি ? মূল কবিতাটির কবি কে ?

(b) উক্ত খবরগুলি থেকে কোন সাধারণ সত্যটি বেরিয়ে আসে, দৃষ্টান্ত-সহ বুঝিয়ে দাও ।

**15.** ‘আজ ইংরেজ নেই, তবু তার আগের ব্যবস্থাই বহাল আছে বক্সায় ।’ *1+4=5*

(a) ‘আমার বাংলা’ গ্রন্থের কোন রচনার অন্তর্গত পংক্তি ?

(b) পাঠ্য রচনা অবলম্বনে বক্সায় বহাল থাকা সেই ব্যবস্থার অতি সংক্ষিপ্ত বর্ণনা দাও ।

**অথবা**

‘কিন্তু আজও সেই দুটো জ্বলন্ত চোখ আমাকে থেকে থেকে পাগল করে ।’

(a) ‘আমার বাংলা’ গ্রন্থের কোন রচনার অন্তর্গত পংক্তি ?

(b) সেই চোখ দুটি কার ? চোখ দুটির মধ্যে লেখক কী উপলব্ধি করেছিলেন ?

**16.** ঠিক উত্তরটি বেছে লেখো : (MCQ) । যে কোনো ***পাঁচটি*** । *1×5=5*

(a) গারো পাহাড়ে চাষ করা হয় –

(i) পাথরের উপর

(ii) মাটির উপর

(iii) ছাইয়ের উপর

(b) ‘ছাতির বদলে হাতি’ রচনার মূল বর্ণনীয় বিষয় কী ?

(i) মহাজন-জমিদারদের শোষণ

(ii) কৃষকদের সুখ সমৃদ্ধি

(iii) শাসন-ব্যবস্থার অবনতি

(c) গারোদের জীবনে ‘দুষ্টু শনি’ কে ?

(i) ফেরিঘাটের বিহারি মনিব

(ii) গোরাচাঁদ মাস্টার

(iii) জমিদার

(d) একটা ছাতির বদলে মহাজন চেংমানের কাছ থেকে কয় বিঘা জমি হাতিয়েছিল ?

(i) তিন বিঘা

(ii) বারো বিঘা

(iii) ছত্রিশ বিঘা

(e) রামদুলালবাবু লেখকের কে ছিলেন ?

(i) ভাড়াটিয়া

(ii) বাড়িওয়ালা

(iii) আত্মীয়

(f) সান্তালবাড়িতে মোট বয় কারা ?

(i) জেলের কয়েদিরা

(ii) পুলিশের লোকেরা

(iii) ভুটিয়া ছেলে-মেয়েরা

(g) ডালুরা তাদের উচ্চারণ-বৈশিষ্ট্য অনুযায়ী নিজেদের কী বলবে ?

(i) টালু

(ii) দালু

(iii) তালু

(h) 'হাত বাড়াও' রচনায় ছেলেটি লিকলিকে আঙুল দিয়ে কী শনাক্ত করছে ?

(i) খাদ্যদাতাদের

(ii) ভিক্ষাদাতাদের

(iii) মানুষের খুনীদের